

বিসিএস প্রশাসন একাডেমির ভৌত অবকাঠামো ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০১৭

১. বিসিএস প্রশাসন একাডেমির অডিটোরিয়াম, ক্লাসরুম, সেমিনাররুম, ডাইনিংরুম, রান্নাঘর ইত্যাদি ভৌত অবকাঠামো শুধুমাত্র প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ, সিম্পজিয়াম ইত্যাদি কাজে কোন সরকারি প্রতিষ্ঠান এবং বিসিএস (প্রশাসন) ক্যাডার ফোরাম ব্যবহার করতে পারবে।
২. শুধুমাত্র সাপ্তাহিক ছুটির দিনে বা অন্য কোন সরকারি ছুটির দিনে ভৌত অবকাঠামো ব্যবহার করা যাবে।
৩. আগ্রহী প্রতিষ্ঠানকে প্রত্যাশিত তারিখ ও সময় উল্লেখপূর্বক কমপক্ষে ১৫ দিন পূর্বে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর বরাবর অনলাইন/লিখিত আবেদন করতে হবে।
৪. একাডেমির স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্ত হবে না মর্মে প্রতীয়মান হলে রেক্টর বা দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা শর্ত সাপেক্ষে ভৌত অবকাঠামো ব্যবহারের লিখিত অনুমতি প্রদান করবেন।
৫. ভৌত অবকাঠামো ব্যবহারের জন্য নিম্নবর্ণিত হারে ভাড়া প্রযোজ্য হবে:

ভেন্যু	প্রতিদিনের ভাড়া (টাকায়)	
	সরকারি প্রতিষ্ঠান	বিসিএস (প্রশাসন) ক্যাডার ফোরাম
অডিটোরিয়াম	৩০,০০০	২,০০০
ক্লাসরুম	৮,০০০	১,০০০
সেমিনার রুম	১০,০০০	২,০০০
ডাইনিং রুম	১০,০০০ (৪০ জনের অধিক); ৫০০০ (৪০ জনের কম)	১,০০০

৬. উল্লিখিত ভাড়ার সাথে বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স ইত্যাদি যুক্ত হবে।
৭. অনুষ্ঠান আয়োজনের পূর্বে প্রযোজ্য ভাড়া নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিয়ে জমার রশিদ একাডেমির সহকারী পরিচালক (সেবা) -এর নিকট দাখিল করতে হবে।
৮. জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিজস্ব অনুষ্ঠান বিনা ভাড়ায় আয়োজন করা যেতে পারে।
৯. একাডেমি প্রাঙ্গণ ভাড়া নিয়ে কোন ধরনের রাজনৈতিক বা ধর্মীয় কাজে ব্যবহার করা যাবে না।
১০. ভৌত অবকাঠামো ব্যবহারে কোন সম্পদের ক্ষতি হলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ ভৌত অবকাঠামো ব্যবহারকারী প্রদান করতে বাধ্য থাকবেন।
১১. অনুমোদিত ভৌত অবকাঠামো বা সুবিধাদি ছাড়া অন্য কোন অবকাঠামো, স্থান বা সুবিধাদি ব্যবহার করা যাবে না।
১২. একাডেমি প্রাঙ্গণে রান্না বা খাদ্য তৈরি করা যাবে না।
১৩. ভৌত অবকাঠামো ব্যবহারে সৃষ্ট আবর্জনা অনুষ্ঠান সমাপ্তির পর তাৎক্ষণিকভাবে ব্যবহারকারী নিজ দায়িত্বে একাডেমির বাইরে স্থানান্তর করবেন।
১৪. বিসিএস প্রশাসন একাডেমিতে স্থাপিত সাউন্ড সিস্টেম ব্যতীত বিনানুমতিতে অন্য কোন ধরনের লাউড স্পিকার ব্যবহার করা যাবে না। একাডেমি প্রাঙ্গণে পোস্টারিং বা অনুমতি ব্যতীত অন্য কোন সাজসজ্জা করা যাবে না।
১৫. অনিবার্য কারণবশত কর্তৃপক্ষ যে কোন সময় ভৌত অবকাঠামো ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবে।
১৬. একাডেমিতে সীমিত গাড়ি পার্কিং-এর ব্যবস্থা রয়েছে। গাড়ি পার্কিং সুবিধা ব্যবহারের পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

(Signature)